# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৯৩

১/ বিবিধ

আরবী

الشؤم سوء الخلق

ضعيف

رواه ابن عدي (37 / 2) عن أبي بكر بن أبي مريم عن ضمرة بن حبيب عن عائشة مرفوعا. قلت: وهذا سند ضعيف، أبو بكر هذا كان اختلط، ثم هو منقطع بين ضمرة وعائشة فإن بين وفاتيهما (73) سنة

ثم رأيت الحديث في " الحلية " (6 / 103) رواه في ترجمة حبيب بن عبيد من هذا الوجه إلا أنه جعل حبيبا هذا بدل ضمرة، وكذلك أخرجه أحمد (6 / 85) ، وكلاهما يروي عنه أبو بكر بن أبي مريم، فمن الصعب الجزم بالصواب من الروايتين، بل لعل هذا الاختلاف من اختلاط أبي بكر هذا وضعفه

ومن طريقه رواه الطبراني في " الأوسط " كما في " المجمع " (8 / 25) . وله شاهد من حديث جابر، أخرجه أبو القاسم السهمي في " تاريخ جرجان " (99) عن أبي إسحاق إبراهيم بن محمد بن إبراهيم اليزيدي، حدثنا موسى بن عمر بن علي بن عمران: حدثنا عبيد الله بن عائشة البصري: حدثنا إسماعيل بن حكيم: أخبرنا الفضل بن عيسى عن محمد بن المنكدر عن جابر بن عبد الله مرفوعا. بيد أن هذا إسناد ضعيف من أجل الفضل هذا

ومن طريقه رواه الطبراني أيضا في " الأوسط " وقال الهيثمي: " وهو ضعيف

ورواه ابن وهب في " الجامع " (76 / 77) : أخبرني يحيى بن أيوب عن ابن أيوب عن

ابن أبي حسين عن زيد بن الأخنس الكعبي عن سعيد بن المسيب قال: سئل رسول الله صلى الله عليه وسلم عن الشؤم؟ قال: سوء الخلق. قلت: وهذا مرسل، ورجاله كلهم ثقات رجال الشيخين غير زيد بن الأخنس أورده ابن أبي حاتم (1 / 2 / 556) ولم يذكر فيه جرحا ولا تعديلا، وأما ابن حبان فأورده في " الثقات " (2 / 88) ! وذكر هو وابن أبي حاتم أنه روى عنه إسماعيل بن أمية، فقد روى عنه ثقتان هذا أحدهما، والآخر ابن أبي حسين راوي هذا الحديث عنه، وهو إما عبد الله بن عبد الرحمن، وإما عمر بن سعيد وكلاهما مكيان ثقات محتج بهما في الصحيحين، فابن الأخنس مستور. والله أعلم
ثم رأيته في " تاريخ ابن عساكر " (18 / 92 / 2) من طريق إسماعيل بن الفضل الرقاشي عن محمد بن المنكدر به. وإسماعيل بن الفضل لم أعرفه. لكن يبدو أنه محرف عن " إسماعيل عن الفضل " بدليل رواية السهمي. والله أعلم

বাংলা

৭৯৩। দুর্ভাগ্যের কারণ হচ্ছে মন্দ চরিত্র।

হাদিছটি দুর্বল।

হাদীছটি ইবনু আদী (২/৩৭) আবু বাকর ইবনু আবী মারিয়াম হতে তিনি যামারাহ ইবনু হাবীব হতে তিনি আয়েশা (রাঃ) হতে মারফু’ হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এই আবু বাকরের মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। তাছাড়া যামারাহ এবং আয়েশা (রাঃ)-এর মধ্যে বিচ্ছিন্নতার সমস্যার রয়েছে। কারণ তাদের দু’জনের মৃত্যুর মাঝে তিহাওর বছরের ব্যবধান রয়েছে। হাদীছটি আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৬/১০৩) গ্রন্থে বর্ণনা করেছেন। অনুরূপভাবে ইমাম আহমাদ (৬/৮৫) বর্ণনা করেছেন। কিন্তু তাদের উভয়ের বর্ণনায় আবু বাকর হতে হাবীব ইবনু ওবায়েদ বর্ণনা করেছেন বলা হয়েছে। হাদীছটির একটি শাহেদ জাবের (রাঃ) হতে বর্ণিত হয়েছে। এটি আবুল কাসেম "তারীখু জুরজান" (৯৯) গ্রন্থে উল্লেখ করেছেন। কিন্তু তাতে ফাযল ইবনু ঈসা নামের এক বর্ণনাকারী রয়েছেন। তিনি দুর্বল।

হায়ছামী তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু ওয়াহাব "আল-জামে" (৭৬-৭৭) গ্রন্থে অন্য একটি সূত্রে বর্ণনা করেছেন। কিন্তু সনদটি মুরসাল। তাতে যায়েদ ইবনু আখনাস নামের এক বর্ণনাকারী রয়েছেন। তাকে ইবনু আবী

হাতিম (১/২/৫৫৬) উল্লেখ ক’রে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। “তারীখু ইবনু আসাকির” (১৮/৯২/২) গ্রন্থে হাদীছটিকে আমি ইসমাঈল ইবনুল ফাযল আর-রুকাশী সূত্রে দেখেছি। এই ইসমাঈল ইবনুল ফাল আর-রুকাশীকে আমি চিনি না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71672

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন